

সরকারি উদ্যোগে ন্যায্যমূল্যে সবজি এবার বাড়িতে বসেই

নিজস্ব প্রতিবেদন। সরাসরি খেত থেকে রান্নাঘরে পৌঁছে যাবে টাটকা শাকসবজি। একদম ন্যায্যমূল্যে। বাংলার ঘরে ঘরে পৌঁছে দেওয়ার এমনই উদ্যোগ নিয়েছে রাজ্য কৃষি বিপণন দফতর। মঙ্গলবার নিউআলিপুরে পুরসভার ১১৮ নম্বর ওয়ার্ডে অবস্থিত ভোলানাথ মুখার্জি এবং দেবপ্রিয় বোস পুর বাজারে সুফল বাংলা প্রকল্পের ছয়টি স্টলের উদ্বোধন অনুষ্ঠানে এসে একথা জানিয়েছেন কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী তপন দাশগুপ্ত। তিনি জানিয়েছেন, ন্যায্যমূল্যে টাটকা সবজি পাওয়ার পাশাপাশি কমবে ফেড়ের উৎপাত। আপাতত নিউ আলিপুরে এই ব্যবস্থা শুরু হলেও রাজ্যের বিভিন্ন প্রান্তে এই ব্যবস্থা পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এদিন রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সুফল বাংলা প্রকল্পের উদ্বোধন করেন। তিনি জানিয়েছেন, সরকারি কেন্দ্রীয়

ভবনগুলিতেও সুফল বাংলার স্টল চালু করার ভাবনা রয়েছে। বাংলার মানুষ যাতে ন্যায্যমূল্যে টাটকা সবজি কিনতে পারে তার জন্য রাজ্য সরকারের তরফ থেকে এই উদ্যোগ। মাদার ডেয়ারি এবং প্রাণীসম্পদ বিকাশ নিগমের তরফ থেকে ভোলানাথ মুখার্জি এবং দেবপ্রিয় বোস পুর বাজারে স্টল খোলা হয়েছে। আগামী দিনে এই বাজারে মৎস্য দফতরের তরফ থেকেও স্টল খোলার ভাবনা রয়েছে। চাল, ডাল, তেলের পাশাপাশি মিলবে প্যাকেটজাতীয় খাবার। অর্থাৎ জ্যাম, জেলি, স্কোয়াশের প্যাকেটও মিলবে এখানে। ৫০০ টাকার বেশি কেনাকাটা করলে বাজার থেকে দু কিলোমিটারের মধ্যে ফ্রি হোম ডেলিভারির ব্যবস্থাও করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত এলাকার কাউন্সিলর তথা মেয়র পারিষদ (নিকাশি) তারক সিং জানিয়েছেন, এলাকার মানুষের সুবিধার্থে এই বাজারটি তৈরি করা

হয়েছে। বাম আমলে অসামাজিক কাজকর্ম হত এখানে। রাতের বেলায় এখান দিয়ে যাওয়া আসা করা যেত না। প্রায় ১২ কাঠা জমির ওপর এই বাজারটি তৈরি করা হয়। এই বাজারটিতে স্টলের সংখ্যা ৪১টি। বাজার বিক্রির জন্য রয়েছে ১৮টি স্লাব। শুধু তাই নয়, প্রতিদিনের বাজারে কোন সবজির কত দাম তা দেখার জন্য ডিসপ্লে বোর্ড চালু করা হতে চলেছে রাজ্য সরকারের তরফ থেকে। যাতে বাজারে এসে নাস্তানাবুদ না হতে হয় ক্রেতাদের। তারকবাবুর মতে, প্রতিদিনের বাজারে কোন সবজির মূল্য কত তা ডিসপ্লে বোর্ডে লেখা থাকবে। তাতে এলাকাসী উপকৃত হবে। এদিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাণীসম্পদ বিকাশ নিগম, ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্পদ্যোগ বিভাগের মন্ত্রী স্বপন দেবনাথ, কলকাতা পুরসভার মেয়র পারিষদ (বাজার) আমিরুদ্দিন ববি।



সুফল বাংলা প্রকল্পে স্টল উদ্বোধনে পার্থ চট্টোপাধ্যায়, স্বপন দেবনাথ, তপন দাশগুপ্ত। নিজস্ব ছবি